সেমিফাইনালের আগেই বিদায় বাংলাদেশের

অস্ট্রেলিয়ায় টপ অ্যান্ড টি-টোয়েন্টি সিরিজে প্রথম পাঁচ ম্যাচে মধ্যে দুটিতে জয় পেয়েছিল বাংলাদেশ ‘এ’ দল। আজকের ম্যাচে জয়ের পাশাপাশি রান রেটে এগিয়ে থাকলে সেমিফাইনালে খেলার সুযোগ ছিল।

কিন্তু গুরুত্বপূর্ণ ম্যাচে অ্যাডিলেড স্ট্রাইকার্স একাডেমির কাছে ৭ উইকেটে হেরে গ্রুপপর্ব থেকেই বিদায় নিল বাংলাদেশ।

শনিবার ডারউইনে টস জিতে আগে ব্যাট করতে নেমে নির্ধারিত ২০ ওভারে ৪ উইকেট হারিয়ে ১৭৫ রান সংগ্রহ করে বাংলাদেশ ‘এ’। দলের হয়ে হয়ে ৩৮ বলে ৫০ রান করেন জিশান আলম।

জিসান উইকেটের এক প্রান্ত আগলে রাখলেও অন্য প্রান্তের ব্যাটসম্যানরা ছিলেন আসা-যাওয়ার মিছিলে। আফিফ হোসেন ২৩ বলে ৪৯ রান করেছেন অপরাজিত থাকেন। ইয়াসিরে আলী ১৫ বলে করেন অপরাজিত ২৫ রান। ১৭ বলে ১৫ রান করেন ওপেনার মোহাম্মদ নাঈম।

টার্গেট তাড়া করতে নেমে ১৮.১ ওভারে ৩ উইকেট হারিয়ে জয়ের বন্দরে পৌঁছে যায় অ্যাডিলেড। দলের জয়ে দুর্দান্ত ব্যাটিং করেছেন অ্যাডিলেডের ওপেনার ম্যাককেঞ্জি হার্ভি। তিনি ৫৩ বলে অপরাজিত ১০২ রান করেছেন।

আরেক ওপেনার জ্যাক উইন্টার ৩৫ বলে ৩৫ রান। এছাড়া ১৪ বলে অপরাজিত ২৫ রান করেছেন হ্যারি মেন্নাতি। বাংলাদেশের হয়ে ২৮ রানে ২ উইকেট পেয়েছেন সাইফ হাসান।

সূত্র: যুগান্তর ।

ভারতে নারী বিশ্বকাপে বদলে গেল বাংলাদেশের দুই ম্যাচের ভেন্যু

এবার উইমেন’স বিশ্বকাপের সূচিতে এলো বড় পরিবর্তন। বেঙ্গালুরুর চিন্নাস্বামী স্টেডিয়ামে নিরাপত্তাজনিত ছাড়পত্র না মেলায় সেখানকার সব ম্যাচ সরিয়ে নেওয়া হয়েছে। ফলে বাংলাদেশের দুটো ম্যাচসহ বেশ কয়েকটি খেলার ভেন্যু বদলে গেছে।

শুক্রবার এক বিবৃতিতে বিষয়টি নিশ্চিত করেছে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি)।

নতুন ভেন্যু হিসেবে বেছে নেওয়া হয়েছে নাভি মুম্বাইয়ের ডিওয়াই পাটিল স্টেডিয়াম। তবে ম্যাচের তারিখে কোনো পরিবর্তন আসেনি। প্রাথমিক পরিকল্পনায় ভারতের বেঙ্গালুরু, গুয়াহাটি, ইন্দোর ও ভিশাখাপত্তম এবং শ্রীলঙ্কার কলম্বোতে ম্যাচ আয়োজনের কথা ছিল। কিন্তু নতুন সূচি অনুযায়ী ২৬ অক্টোবর ভারতের বিপক্ষে বাংলাদেশের ম্যাচ হবে নাভি মুম্বাইয়ে।

একইভাবে ২০ অক্টোবর শ্রীলঙ্কার বিপক্ষে কলম্বোয় খেলার কথা থাকলেও সেটিও সরিয়ে নেওয়া হয়েছে একই ভেন্যুতে।
বাংলাদেশ বিশ্বকাপ মিশন শুরু করবে ২ অক্টোবর কলম্বোয় পাকিস্তানের বিপক্ষে ম্যাচ দিয়ে। এরপর ৭ অক্টোবর গুয়াহাটিতে ইংল্যান্ডের মুখোমুখি হবে নিগার সুলতানার দল। ভিশাখাপত্তমে বাংলাদেশ টানা তিন ম্যাচ (১০ অক্টোবর নিউজিল্যান্ড, ১৩ অক্টোবর দক্ষিণ আফ্রিকা ও ১৬ অক্টোবর অস্ট্রেলিয়ার বিপক্ষে) খেলবে।

টুর্নামেন্টের উদ্বোধনী ম্যাচও হচ্ছে না বেঙ্গালুরুতে। ৩০ সেপ্টেম্বর ভারত-শ্রীলঙ্কার লড়াই সরানো হয়েছে গুয়াহাটিতে। আবার ১১ অক্টোবরের শ্রীলঙ্কা-ইংল্যান্ড ম্যাচ চলে গেছে কলম্বোয়। দ্বিতীয় সেমিফাইনাল হবে নাভি মুম্বাইয়ে। ফাইনালের ভেন্যু হিসেবে রাখা হয়েছে নাভি মুম্বাইয়ে।

তবে পাকিস্তান ফাইনালে উঠলেই ম্যাচটি কলম্বোয় হবে।
উল্লেখ্য, গত জুনে বেঙ্গালুরুতে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর আইপিএল শিরোপা উদযাপন ঘিরে পদদলিত হয়ে ১১ জনের মৃত্যু হয়। ওই ঘটনার পর থেকেই স্টেডিয়ামের নিরাপত্তা নিয়ে প্রশ্ন ওঠে। অগ্নি-নিরাপত্তা বিধিমালা না মানায় সম্প্রতি স্টেডিয়ামের

বিদ্যুৎ সংযোগও বিচ্ছিন্ন করেছে কর্তৃপক্ষ।

সূত্র: কালের কন্ঠ

এশিয়া কাপ হকির দল ঘোষণা করল বাংলাদেশ

এশিয়া কাপ হকিতে খেলার কথা ছিল না বাংলাদেশের। নিরাপত্তার কারণে পাকিস্তান ভারতে যেতে না চাওয়ায় খেলার সুযোগ পেয়েছে বাংলাদেশ। ভারতের রাজগিরিতে হতে যাওয়া টুর্নামেন্টকে সামনে রেখে আজ দল ঘোষণা করেছে বাংলাদেশ হকি ফেডারেশন।

এশিয়া কাপের স্কোয়াডে জায়গা হয়নি চার অভিজ্ঞ খেলোয়াড়ের।

তারা হলেন পুস্কর খিসা মিমো, মঈনুল ইসলাম কৌশিক, নাঈম উদ্দিন ও আবেদ উদ্দিন। তাদের বাদ পড়ার দিনে ১৮ সদস্যের দলে প্রথমবার সুযোগ পেয়েছেন তৈয়ব আলি, মেহেদী হাসান, তানভির রহমান ও মোহাম্মদ আবদুল্লাহ।
আগামী ২৯ আগস্ট শুরু হতে যাওয়া টুর্নামেন্টে বাংলাদেশকে নেতৃত্ব দেবেন রেজাউল করিম। ১২তম এশিয়ান কাপ হকির আসরের উদ্বোধনী দিনে মালয়েশিয়ার বিপক্ষে মাঠে নামবে বাংলাদেশ।

৩০ আগস্ট দ্বিতীয় ম্যাচে বাংলাদেশের প্রতিপক্ষ চাইনিজ তাইপে। আর টুর্নামেন্টের ডিফেন্ডিং চ্যাম্পিয়ন দক্ষিণ কোরিয়ার বিপক্ষে গ্রুপ ‘বি’-র শেষ ম্যাচ খেলবে বাংলাদেশ। ম্যাচটি ১ সেপ্টেম্বর।

বাংলাদেশের স্কোয়াড—হুজাইফা হোসেন, রেজাউল করিম (অধিনায়ক), সোহানুর রহমান, ফরহাদ আহমেদ, আশরাফুল ইসলাম, আমিরুল ইসলাম, মেহেদী হাসান, আল নাহিয়ান, রোমান সরকার, ফজলে হোসেন, তৈয়ব আলী, তানভির রহমান, রাকিবুল হাসান, মো. আব্দুল্লাহ, আরশাদ হোসেন, ওবায়দুল হোসেন, বিপ্লব কুজুর, নুরুজ্জামান নয়ন।

২০০৮ থেকে প্রথম ম্যাচে অপরাজিত থাকার রেকর্ড ধরে রাখল রিয়াল মাদ্রিদ

লা লিগার নতুন মৌসুমে শুভ সূচনা করেছে রিয়াল মাদ্রিদ। মঙ্গলবার রাতে সান্তিয়াগো বার্নাব্যুতে মৌসুমের প্রথম ম্যাচে ওসাসুনাকে ১-০ গোলে হারিয়েছে তারা। একমাত্র গোলটি করেছেন ফরাসি তারকা কিলিয়ান এমবাপ্পে।

প্রথমার্ধে বেশ কিছু সুযোগ তৈরি করলেও জালের দেখা পাচ্ছিল না রিয়াল।

তবে বিরতির ছয় মিনিট পর হুয়ান ক্রুজের ফাউলে পাওয়া পেনাল্টি থেকে গোল করেন এমবাপ্পে। বাকি সময়ে বেশ কয়েকটি সুযোগ তৈরি করলেও ব্যবধান বাড়াতে পারেনি স্বাগতিকরা।
ওসাসুনা শেষ সময়ে ১০ জনে খেলতে বাধ্য হয়। যোগ করা সময়ে আবেল ব্রেটোনেস লাল কার্ড দেখেন বল ছাড়া ফাউলের জন্য।

যদিও বাকি সময়ে সমতায় ফেরার মতো সুযোগ এসেছিল তাদের কাছে, কিন্তু আন্তে বুদিমির ছয় গজ বক্স থেকে হেড করে লক্ষ্যভ্রষ্ট করেন।
এ জয়ের ফলে ২০০৮ সালের পর থেকে লা লিগার উদ্বোধনী ম্যাচে অপরাজিত থাকার ধারাবাহিকতা বজায় রাখল রিয়াল মাদ্রিদ।

ম্যাচ শেষে এমবাপ্পে বলেন, ‘মৌসুমটা জয় দিয়ে শুরু করা গুরুত্বপূর্ণ ছিল। ওসাসুনা আমাদের জন্য কঠিন করে তুলেছিল।

তবে শেষ পর্যন্ত জয়টাই সবচেয়ে গুরুত্বপূর্ণ।’
রিয়াল কোচ জাবি আলোনসোর জন্যও এটি ছিল স্মরণীয় দিন। লা লিগার প্রথম ম্যাচেই জয় দিয়ে কোচিং অভিষেক করলেন তিনি। চোটের কারণে জুড বেলিংহাম, কামাভিঙ্গা, মেন্ডি ও এন্দ্রিককে ছাড়াই নামতে হয় তাকে। নিষেধাজ্ঞার কারণে ছিলেন না রুডিগারও।

তবু তিন নতুন সাইনিংকে নিয়ে সাজানো দলে জয় তুলে নিতে পেরেছেন আলোনসো।
আলোনসো ম্যাচশেষে বলেন, ‘কোচ হিসেবে এখানে ফিরে আসা বিশেষ কিছু। আশা করি, এটা হবে আরো অনেক সাফল্যের শুরু।’

বার্সেলোনা তাদের প্রথম ম্যাচে মায়োর্কাকে ৩-০ গোলে হারানোর পর রিয়ালের জন্যও জয় পাওয়া ছিল জরুরি। এমবাপ্পের একমাত্র গোলই এনে দিল কাঙ্ক্ষিত তিন পয়েন্ট।

সূত্র: কালের কন্ঠ।

ক্রিকেটারদের সঙ্গে আজ বসছেন বিসিবি সভাপতি

আইসিসির দুর্নীতি দমন কমিশনের সাবেক কর্মকর্তা অ্যালেক্স মার্শাল সোমবার ঢাকায় এসেছেন। তিনি বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) অ্যান্টি করাপশন ইউনিটকে (আকু) সহায়তা করবেন।

এদিকে ছুটি শেষে অস্ট্রেলিয়া থেকে দেশে ফিরেছেন বিসিবি সভাপতি আমিনুল ইসলাম বুলবুল। তিনি আজ সকালে একটি পাঁচতারা হোটেলে ক্রিকেটারদের সঙ্গে বসবেন।

সেখানে তিনি ক্রিকেটারদের সমস্যা এবং তা থেকে উত্তরণের উপায় নিয়ে কথা বলবেন। অ্যালেক্স মার্শালের সঙ্গেও আজ তার বসার কথা রয়েছে। এর আগে ক্রিকেটারদের কাছে সমস্যাগুলো চিহ্নিত করার জন্য একটি ফরম দেওয়া হয়েছিল বিসিবি থেকে।

সমস্যাগুলো চিহ্নিত করার পর দীর্ঘদিন আইসিসিতে কাজ করার অভিজ্ঞতা শেয়ার করবেন আমিনুল। ক্রিকেটারদের সমস্যা সমাধানে করণীয় পদক্ষেপ গ্রহণ করবে বিসিবি।

তবে নারী ক্রিকেটাররা থাকছেন না বিসিবি সভাপতির সঙ্গে আলোচনায়। বিশ্বকাপের প্রস্তুতিতে তারা এখন বিকেএসপিতে।

এদিকে ক্রিকেটার, কোচ, টিম ম্যানেজমেন্টের পাশাপাশি আকুর বর্তমান কর্মকর্তাদের সঙ্গে কয়েক দফায় ওয়ার্কশপ করবেন অ্যালেক্স মার্শাল।

সূত্র: যুগান্তর

টস জিতেও খেলার সুযোগ পেলেন না সাকিবরা

একাদশে ছিলেন সাকিব আল হাসান। টসও জিতেছিলেন দলের অধিনায়ক ইমাদ ওয়াসিম। তবে শেষ পর্যন্ত মাঠেই নামা হয়নি তাদের। কেননা, বৃষটির কারণে একটি বলও যে গড়ায়নি।

ভেজা মাঠের কারণে সেন্ট লুসিয়া কিংস ও অ্যান্টিগা অ্যান্ড বারবুডা ফ্যালকন্সের মধ্যকার ম্যাচটির টস হয় দেড় ঘণ্টা পর। টসে জিতে আগে বোলিংয়ের সিদ্ধান্ত নেন অ্যান্টিগার অধিনায়ক ইমাদ ওয়াসিম।

এ ম্যাচেও সাকিবকে নিয়ে একাদশ সাজিয়েছিল অ্যান্টিগা। তবে শেষ পর্যন্ত মাঠেই নামতে পারেনি কোনো দল। জয় হয়েছে বৃষ্টির।

ম্যাচের দিন সকালে বৃষ্টির কারণে মাঠ ভেজা থাকায় দুই দলকেই অপেক্ষায় থাকতে হয়েছিল। টসের ঠিক পরই আবার বৃষ্টি শুরু হয়। এরপর বৃষ্টি থেমে গেলেও ম্যাচ আয়োজন করা আর সম্ভব হয়নি। বেশ কয়েক দফা মাঠ পরিদর্শন করলেও আম্পায়াররা সুখবর দিতে পারেননি। ফলে দুই দলকেই পয়েন্ট ভাগাভাগি করতে হয়েছে।
প্রথম দুই ম্যাচে ব্যর্থ সাকিব আজ দলের হয়ে জ্বলে উঠতে চাইতেন। তবে বৃষ্টির কারণে তার খেলা উপভোগ করতে পারল না ভক্তরা।

এবারের সিপিএলে তিন ম্যাচের একটিতেই জয় পেয়েছে অ্যান্টিগা। অন্যদিকে আজকের ম্যাচ দিয়েই পয়েন্টের খাতা খুলেছে সেন্ট লুসিয়া। এটাই ছিল দলটির প্রথম ম্যাচ।

সেন্ট লুসিয়া কিংসের অধিনায়ক ডেভিড উইসে টসের সময় বলছিলেন, ‘খুব

উদগ্রীব হয়ে আছি। অনেক বড় দায়িত্ব নিতে হচ্ছে। ফ্যাফ (ডু প্লেসিস) একটি দারুণ ভিত্তি গড়ে দিয়েছে। আর আমি আশা করি সেই সাফল্যকে ধরে রাখতে পারব। আমি জানি শিরোপা জেতা কঠিন এবং সেটা ধরে রাখা আরও কঠিন। আমরা একেকটা ম্যাচ ধরে এগোতে চাই।’

অন্যদিকে অ্যান্টিগার অধিনায়ক ইমাদ ওয়াসিম বলেন, ‘অনেক বৃষ্টি হয়েছে। তাই উইকেট থেকে সর্বোচ্চ সুবিধা নিতে চাই। আমরা শুধু চাই গতকালের মতো খেলতে। ১৩০ বা ১৪০ রানও আমরা মেনে নেব। টানা ম্যাচ জেতা খুব গুরুত্বপূর্ণ। আশা করি আমরা তাদের আন্ডার-পার স্কোরে আটকে রাখতে পারব’।

ক্যারিয়ারের সবচেয়ে বাজে হার, কাঁদতে কাঁদতে যা বললেন নেইমার

ক্যারিয়ারের সবচেয়ে বাজে ও বড় হার। ম্যাচ শেষে তাই আবেগ সামাল দিতে পারলেন না নেইমার দ্য সিলভা জুনিয়র। মাঠে বসেই কাঁদতে শুরু করলেন ব্রাজিল তারকা। কয়েকজন এগিয়ে এসে চেষ্টা করলেন সান্ত্বনা দিতে। কিন্তু একটু আগে যে ক্যারিয়ারের সবচেয়ে বাজে হারের সাক্ষী হলেন, তিনি কি খুব সহজে এই দুঃখ ভুলতে পারেন!

বাংলাদেশ সময় সোমবার (১৮ আগস্ট) সকালে ভাস্কো দা গামার বিপক্ষে ৬–০ গোলে বিধ্বস্ত হয়েছে নেইমারের সান্তোস।
ব্রাজিলিয়ান লিগ সিরি আ’র এই ম্যাচে কোনো প্রতিদ্বন্দ্বিতাই গড়তে পারেনি নেইমারের দল। ম্যাচের প্রথমার্ধে অবশ্য একটি গোল খায় সান্তোস। কিন্তু দ্বিতীয়ার্ধে ভাস্কো দা গামা একে একে পাঁচবার বল জড়ায় নেইমারদের জালে।

এই ম্যাচের আগে নেইমারের ক্যারিয়ারের সবচেয়ে বড় হার ছিল ৪–০ গোলের। ২০১১ সালে সান্তোসে খেলার সময় বার্সেলোনার বিপক্ষে (ক্লাব বিশ্বকাপের ম্যাচ) এবং ২০১৭ সালে বার্সেলোনায় খেলার সময় পিএসজির বিপক্ষে (চ্যাম্পিয়নস লিগে) এমন হারের স্বাদ পেয়েছিলেন তিনি।

কিন্তু এদিন সেই দুই হারও যে পেছনে পড়ে গেল। ২০১৪ বিশ্বকাপের সেমিফাইনালে স্বাগতিক ব্রাজিল জার্মানির কাছে ৭–১ গোলে বিধ্বস্ত হলেও সে ম্যাচে চোটের কারণে মাঠের বাইরে ছিলেন নেইমার।

এদিন ম্যাচের আগে স্বাভাবিকভাবেই সবার চোখ ছিল নেইমার ও তার জাতীয় দল সতীর্থ ফিলিপে কুতিনহোর দিকে। নেইমার প্রতিনিধিত্ব করছিলেন সান্তোসের আর কুতিনহো ভাস্কো দা গামার।

মাঠের লড়াইয়ে কুতিনহোর দলের সামনে নেইমাররা যে দাঁড়াতেই পারেননি, সেটি স্কোরলাইন-ই বলে দিচ্ছে। এমনকি ব্যক্তিগতভাবেও এই ম্যাচে জয় হয়েছে কুতিনহোরই। ভাস্কো দা গামার ৬ গোলের দুটিই এসেছে সাবেক লিভারপুল ও বার্সেলোনা ফরোয়ার্ডের পা থেকে। গোল দুটি হয় ম্যাচের ৫৪ ও ৬২ মিনিটে।

দুর্দান্ত এই জয়ে অনেকটাই উপরে উঠে এসেছে ভাস্কো দা গামা। ১৮ ম্যাচে ১৯ পয়েন্ট নিয়ে ১৬ নম্বর অবস্থানে আছে তারা। অন্যদিকে এক ম্যাচ বেশি খেলে ২১ পয়েন্ট নিয়ে সান্তোস আছে ১৫ নম্বরে।

ম্যাচ শেষে নেইমার বলেন, ‘আমি লজ্জিত। আমাদের পারফরম্যান্সে আমি সম্পূর্ণ হতাশ। সমর্থকদের প্রতিবাদের পুরোপুরি অধিকার আছে, অবশ্যই সহিংসতা পরিহার করে। তারা যদি গালি দেয় বা অপমান করে, সেটারও অধিকার তাদের আছে।’

নেইমারের ভাষায়, ‘এটা চরম লজ্জার অনুভূতি। জীবনে কখনো এমনটা হয়নি। দুর্ভাগ্যবশত এবার হলো। কান্না এসেছিল রাগ থেকে, যা ঘটেছে সবকিছুর জন্য। দুর্ভাগ্যবশত আমি সবদিক দিয়ে সাহায্য করতে পারি না। যা–ই হোক, পুরো ব্যাপারটাই ছিল একেবারে বাজে, এটাই বাস্তবতা।’

এদিকে সান্তোসের এই বড় হারের কিছুক্ষণ পরই ক্লাবটির প্রধান কোচ ক্লেবার হাভিয়েরকে বরখাস্ত করেছে কর্তৃপক্ষ। এক বিবৃতিতে ভবিষ্যৎ ক্যারিয়ারের জন্য শুভকামনা জানিয়ে হাভিয়েরকে ছাঁটাইয়ের কথা নিশ্চিত করেছে সান্তোস।

সূত্র: যুগান্তর

১১ মিনিটে রূপকথার গল্প লিখে আবারও ইউরোপ সেরা পিএসজি

প্রথম এক ঘণ্টা যেন টটেনহামের উৎসবের মঞ্চ। ইতালির উদিনেতে বুধবার রাতে ইউরোপের দুই শিরোপাধারীর লড়াইয়ের শুরুতে ইংলিশদের দাপটে খুঁজেই পাওয়া যাচ্ছিল না ফরাসি জায়ান্ট পিএসজিকে। তবে শেষ মুহূর্তে ম্যাচে নাটকীয় মোড়—দুই গোল শোধ করে ম্যাচ টেনে নিল টাইব্রেকারে, সেখানেই বাজিমাত করল লুইস এনরিকের দল।

ম্যাচের ৮৪ মিনিট পর্যন্ত ২-০ গোলে এগিয়ে ছিল টটেনহাম।

মনে হচ্ছিল, তিন মাসের মধ্যে দ্বিতীয় ট্রফি হাতে তুলতে যাচ্ছেন রোমেরোরা। কিন্তু ৮৫তম মিনিটে লি কাং-ইন ব্যবধান কমান, আর যোগ করা সময়ের চতুর্থ মিনিটে হেডে সমতা ফেরান গঞ্জালো রামোস। সুপার লিগে অতিরিক্ত সময় না থাকায় নিয়ম অনুযায়ী ম্যাচ গড়ায় সরাসরি টাইব্রেকারে।

পেনাল্টি শুটআউটে পিএসজির প্রথম শট ভিতিনিয়া পোস্টে লাগালেও পরের চার শটে কেউ ভুল করেনি।

টটেনহ্যামের পক্ষে মিকি ফন দে ফেনের শট ঠেকান পিএসজির নতুন গোলরক্ষক লুকাস শেভালিয়ে, আর মাথিয়াস তেলের শট যায় বাইরে। ৪-৩ ব্যবধানে জয় নিশ্চিত করেই প্রথমবারের মতো উয়েফা সুপার কাপ জিতে ইতিহাস গড়ল পিএসজি।
টটেনহামের দুই গোলই আসে ডিফেন্ডারদের থেকে। ৩৯ মিনিটে জোয়াও পালিনিয়ার ভলির রিবাউন্ড থেকে গোল করেন ফন দে ফেন।

বিরতির পর ফ্রি-কিক থেকে পেদ্রো পারোর ক্রসে হেডে জালের দেখা পান আর্জেন্টাইন অধিনায়ক ক্রিস্টিয়ান রোমেরো। কিন্তু এই সুখ দীর্ঘস্থায়ী হয়নি।
পুরো ম্যাচে ৭৪ শতাংশ বল নিজেদের দখলে রেখেছিল পিএসজি, কিন্তু প্রথমার্ধে একটিও শট লক্ষ্যে রাখতে পারেনি। দ্বিতীয়ার্ধে বদলি খেলোয়াড়দের নৈপুণ্যে বদলে যায় চিত্র। আক্রমণে তীব্রতা বাড়ে, আর শেষ মুহূর্তের দুই গোলেই ম্যাচে ফিরে আসে ফরাসি চ্যাম্পিয়নরা।

মৌসুমের শুরুতে এক ম্যাচের এই মর্যাদার লড়াই সাধারণত হয় আগেরবারের চ্যাম্পিয়ন্স লিগ ও ইউরোপা লিগ জয়ীর মধ্যে। মে মাসে ইন্টার মিলানকে হারিয়ে প্রথমবার চ্যাম্পিয়ন্স লিগ জিতেছিল পিএসজি। একই মাসে ১৭ বছরের শিরোপা খরা কাটিয়ে ইউরোপা লিগ জেতে টটেনহাম।

সন হিউং-মিনের বিদায়ের পর প্রথম ম্যাচেই অধিনায়কত্ব পেয়েছিলেন রোমেরো। কোচ টমাস ফ্র্যাঙ্কের অধীনে এটিই ছিল টটেনহামের প্রথম প্রতিযোগিতামূলক ম্যাচ। ট্রফির ছোঁয়ায় তা রাঙানো হলো না।

এদিকে অল্পের জন্য এক মাসের মধ্যে ইংলিশ ক্লাবের বিপক্ষে আরেকটি ফাইনালে হার এড়াল পিএসজি। গত মাসে ফিফা ক্লাব বিশ্বকাপের ফাইনালে চেলসির কাছে ৩-০ গোলে হেরেছিল তারা। এবার কিন্তু শেষ হাসি তাদেরই।

সূত্র: কালের কন্ঠ

মুজিবনগরে জুলাই গণঅভ্যুত্থান ও তারুণ্যের উৎসব ফুটবল টুর্নামেন্টে বাগোয়ান চ্যাম্পিয়ন

মুজিবনগরে জুলাই গণঅভ্যুত্থান ও তারুণ্যের উৎসব ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকেলে দারিয়াপুর ফুটবল খেলার মাঠে উপজেলা ক্রীড়া সংস্থা ও উপজেলা প্রশাসনের আয়োজনে এই ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

ফাইনাল খেলায় একদিকে অংশগ্রহণ করেন বাগোয়ান ইউনিয়ন একাদশ এবং অন্য দিকে অংশগ্রহণ করে মহাজনপুর ইউনিয়ন একাদশ। প্রতিদ্বন্দ্বিতা পূর্ণ খেলায় বাগোয়ান ইউনিয়ন একাদশ ৩-১ গোলে মহাজনপুর ইউনিয়ন

‘সাদাপাথরে’ নজিরবিহীন লুটপাট, ক্ষোভ জানিয়ে যা লিখলেন রুবেল

গেল বছরের ৫ আগস্টের পর থেকে বিরামহীনভাবে চলছে ভোলাগঞ্জ সাদাপাথর পর্যটনকেন্দ্রের পাথর লুট। সিলেটের দর্শনীয় স্থানগুলোর মধ্যে ভ্রমণপিপাসু মানুষের পছন্দের শীর্ষে থাকা এটি বর্তমানে লুটেরাদের ছোবলে ক্ষতবিক্ষত স্পটে পরিণত হয়েছে।

লুটপাটের ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছেন জাতীয় দলের ক্রিকেটার রুবেল হোসেন। মঙ্গলবার নিজের ফেসবুক পেজে এক সংক্ষিপ্ত পোস্টে তিনি লুটপাট বন্ধ করে প্রকৃতি রক্ষার আহ্বান জানান।

ফেসবুক পোস্টে রুবেল লিখেছেন, ‘সিলেটের সাদাপাথর নেই তো হারাবে সিলেটের সৌন্দর্যের গল্প। সাদা পাথর লুটেরাদের থামাও—প্রকৃতি লুট নয়, প্রকৃতি রক্ষা করুন।’

সাম্প্রতিক সময়ে সামাজিক মাধ্যমে ‘সাদাপাথরে’ লুটপাটের কিছু ভিডিও ভাইরাল হয়েছে। পাথরখেকোদের তাণ্ডবনৃত্য দেখে ক্ষোভে ফেটে পড়েছেন সাধারণ মানুষ। সেই ধারাবাহিকতায় রুবেলের এই প্রতিক্রিয়া এলো।

গত ৫ আগস্ট সরকার পতনের পর প্রশাসনিক দুর্বলতার সুযোগে ভোলাগঞ্জের সাদা পাথর এলাকায় শুরু হয় পাথর উত্তোলনের মহোৎসব। স্থানীয়দের অভিযোগ, রাজনৈতিক প্রভাবশালী ব্যক্তিদের আশ্রয়ে চলছে এই লুটপাট।

পরিবেশবিদদের আশঙ্কা, এভাবে চলতে থাকলে দেশের অন্যতম আকর্ষণীয় এই পর্যটন স্পটটি হারিয়ে যেতে পারে মানচিত্র থেকে। এতে সেখানকার পরিবেশ ও জীববৈচিত্র্যের অপূরণীয় ক্ষতিসাধন হবে।

সূত্র: যুগান্তর ।